(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা কার্যালয়,

রাণীনগর, নওগাঁ।

dss.raninagar.naogaon.gov.bd

স্মারক নং-৪১.০১.৬৪৮৫.০০০.০০০.১২.০০৬৮.২৬. ১৩৫

তারিখঃ-২১/০৭/২০২৬ খ্রি.

ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১ আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ (৪৫ দিন)" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে রাণীনগর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী তথা তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিত করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মাটফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর ।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান ।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতেও কথা বলতে সক্ষম ।<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত । | ক) নারী প্রার্থী ৫০% খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী ।<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা রয়েছে এমন প্রার্থী | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>খ) পাসপোর্ট সাইজ ছবি ০২ কপি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি |
| ক্র. | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ০২ | সুপারভাইজার<br><br>(প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শরীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ) সমস্যও অভিযোগ থাকলে উপজেলা কমিটিতে তাৎক্ষণিক জানানো | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>খ) পাসপোর্ট সাইজ ছবি ০২ কপি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: (ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, রাণীনগর, নওগাঁ কার্যালয়ে সরাসরি এবং dss. raninagar. naogaon. gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

আবেদন ফরম দাখিলের স্থান: (ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, রাণীনগর, নওগাঁ।

আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ-

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ সময় | ব্যবহারিক পরীক্ষার সময় ও স্থান |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৬/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুম রাণীনগর,নওগাঁ। |

অন্যান্য শর্তাবলীঃ-

১) তথ্য সংগ্রহকারীগণকে শুমারি চলাকালীন প্রত্যেক বাড়ি বাড়ি (খানা) গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরুপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিলসহ আইনানুগ ব্যবস্থা মেনে নিতে হবে।
১০) অবস্থা বিবেচনায় নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সিদ্ধান্ত ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি গ্রহণ করতে পারবে

২৬/৭/২০২৬

(মোঃ রাকিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহের
জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রাণীনগর, নওগাঁ।
মোবাইল-০১৭২৬০৪০৭০১

স্মারক নং-৪১.০১.৬৪৮৫.০০০.০০০.১২.০০৬৮.২৬. ১৩৫

তারিখঃ-২১/০৭/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-
১। মাননীয় সংসদ সদস্য, নওগাঁ-৬(রাণীনগর-আত্রাই)
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, নওগাঁ।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নওগাঁ।
৬। সহকারী কমিশনার (ভূমি),রাণীনগর নওগাঁ।
৭। অফিসার ইনচার্জ, রাণীনগর, নওগাঁ।
৮। সদস্য (সকল)....................ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, রাণীনগর, নওগাঁ।
৯। সদস্য (সকল)....................ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, রাণীনগর, নওগাঁ।
১০। উপজেলা...... ....................কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ।
১১। চেয়ারম্যান/প্রশাসক(সকল),.................. ..ইউনিয়ন পরিষদ, রাণীনগর, নওগাঁ।
১২। জনাব..........................................................................................
১৩। অফিস নথি।

২৬/০৭/২৬

(মোঃ ইমামুল হক )
উপজেলা সমাজসেবা অফিসার (অ.দা.)
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহের জন্য
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রাণীনগর, নওগাঁ।
মোবাইল-০১৩২৪২৩১৩৪৪